রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ডিসেম্বর ২৫, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৬ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ২১ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৪.২০.৩৮**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ''আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের **খসড়া সুপারিশ, ২০২৫** জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত ''আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪০, সেগুনবাগিচা শাহ পোরশিয়া (১৪তম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


মূল্য : টাকা ১২.০০

**''আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ'' শিল্প**

**খসড়া সুপারিশ-২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২৩-০৩-২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস. আর. ও নম্বর ৯০-আইন/২০২০ তারিখ: ১৯-০৩-২০২০) নিম্নতম মজুরী বোর্ডে "আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। বোর্ডে প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬.৩২.০৭১.১৭.৩১, তারিখ: ১৩-০৭-২০২০ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক "আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরের শ্রমিকদের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ১০-০৩-২০২৫ তারিখের প্রজ্ঞাপন মূলে (স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০১১.১৬-২৪, তারিখ: ১০-০৩-২০২৫ খ্রিষ্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে "আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ" শিল্প সেক্টরের শ্রমিকগণের নিম্নতম মজুরী হার সুপারিশ করার জন্য নতুনভাবে শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয় এবং বোর্ডে প্রজ্ঞাপনের অনুলিপি প্রেরণসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০১১.১৬-২৪, তারিখ: ১০-০৩-২০২৫ খ্রিষ্টাব্দ মূলে বিধি মোতাবেক "আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ডের উদ্যোগে "আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে বোর্ডের সচিব ও পরিসংখ্যান সহকারী কর্তৃক মোবাইলে ভিডিও কলের মাধ্যমে বগুড়া এলাকায় অবস্থিত **জাফরুল মেটাল, জয় মেটাল, কামাল মেটাল ও আনু ফাউন্ড্রি** এ ৪ (চার)টি **"আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ"** শিল্প কারখানা/প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের সাক্ষাৎকার গ্রহণ করে তথ্য সংগ্রহ করা হয়।

বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের দাখিলকৃত মজুরি প্রস্তাব ও প্রতিবেদনসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক "আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে **খসড়া সুপারিশ** পেশ করিল :

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। নিম্ন বর্ণিত তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে, সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল “ক” ও তফসিল “খ” এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)” অনুযায়ী ‘‘শ্রমিক’’ বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১” এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক (Time rate/Daily Basis) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬” এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। এই সুপারিশে উল্লিখিত “নিম্নতম মজুরি” সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৭০০০/- (সাত হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৭৩৫০/- (সাত হাজার তিনশত পঞ্চাশ) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৭৩৫০/- (সাত হাজার তিনশত পঞ্চাশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৭৭১৭.৫০ (সাত হাজার সাতশত সতেরো টাকা পঞ্চাশ পয়সা) টাকা হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে প্রতিষ্ঠান মালিক/কর্তৃপক্ষ/ঠিকাদার কর্তৃক শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি নির্ধারণ/ধার্য করার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১১(৫) এর নতুন শর্তাংশ ও বিধি ১৬(২) এর নতুন শর্তাংশ মোতাবেক মূল মজুরি নির্ধারিত/ধার্যকৃত/প্রাপ্ত সাকুল্য (মোট) মজুরির ৫০% এর কম হইবে না।

১৩। মজুরি প্রদানের ক্ষেত্রে নারী, পুরুষ, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শ্রমিক/কর্মচারীগণ এর মধ্যে কোনো প্রকার বৈষম্য করা যাইবে না।

১৪। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫” এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৫। উক্ত শিল্প সেক্টরে প্রত্যক্ষভাবে কর্মরত শ্রমিকগণ ঝুঁকিভাতা প্রাপ্য হইবেন।

১৬। এই সুপারিশের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫” এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

***স্বাক্ষরিত***
(মো: নাজিম উদ্দিন ভূঁঞা)
নিরপেক্ষ সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

***স্বাক্ষরিত***
(আসিফ আইয়ুব)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

***স্বাক্ষরিত***
(আনোয়ার হোসাইন)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য
নিম্নতম মজুরী বোর্ড

***স্বাক্ষরিত***
(মো: শরিফ উদ্দীন আহামেদ )
*সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য*
*নিম্নতম মজুরী বোর্ড*

***স্বাক্ষরিত***
(মো: আলফাজ হোসেন প্রামাণিক)
*সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য*
*নিম্নতম মজুরী বোর্ড*

## তফসিল “ক”

## শ্রমিকদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | **<u>গ্রেড-১:</u>**<br>১। সুপারভাইজার (টেকনিক্যাল)<br>২। হেড মিস্ত্রী | বিভাগীয় শহর | ১৮৮৩০/- | ৯৪১৫/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ৩১০৪৫/- |
| | | অন্যান্য এলাকা | ১৮৮৩০/- | ৭৫৩২/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ২৯১৬২/- |
| ২। | **<u>গ্রেড-২:</u>**<br>১। মোল্ডার<br>২। কার্পেন্টার<br>৩। ফিটার<br>৪। ফার্নেসম্যান<br>৫। ফায়ারম্যান<br>৬। টার্নার<br>৭। ওয়েল্ডার<br>৮। চিপার<br>৯। ইলেকট্রিশিয়ান<br>১০। গ্রিন্ডার<br>১১। নিলম্যান<br>১২। ব্ল্যাকস্মীথ<br>১৩। স্যাপারম্যান<br>১৪। ড্রিলম্যান<br>১৫। মেশিনম্যান<br>১৬। ডাইসম্যান<br>১৭। পিকলার<br>১৮। গ্যালভানাইজার | বিভাগীয় শহর | ১৩৪৫০/- | ৬৭২৫/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ২২৯৭৫/- |
| | | অন্যান্য এলাকা | ১৩৪৫০/- | ৫৩৮০/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ২১৬৩০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | ১৯। এনেলার | | | | | | | |
| ৩। | **<u>গ্রেড-৩:</u>**<br>১। মোল্ডার হেলপার<br>২। কার্পেন্টার হেলপার<br>৩। ফিটার হেলপার<br>৪। ফার্নেস হেলপার<br>৫। টার্নার হেলপার<br>৬। ওয়েল্ডার হেলপার<br>৭। চিপিং হেলপার<br>৮। ফায়ারম্যান হেলপার<br>৯। ইলেকট্রিশিয়ান হেলপার<br>১০। নিলম্যান হেলপার<br>১১। গ্রিল্ডার হেলপার<br>১২। ব্ল্যাকস্মীথ হেলপার<br>১৩। মেশিন হেলপার<br>১৪। হ্যামারম্যান<br>১৫। ডাইসম্যান হেলপার<br>১৬। পিকলার হেলপার<br>১৭। গ্যালভানাইজার হেলপার<br>১৮। এনেলার হেলপার | বিভাগীয় শহর | ৯৬৮০/- | ৪৮৪০/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ১৭৩২০/- |
| | | অন্যান্য এলাকা | ৯৬৮০/- | ৩৮৭২/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ১৬৩৫২/- |
| ৪। | **<u>গ্রেড-৪:</u>**<br>১। ফার্নেস বিভাগের শ্রমিক | বিভাগীয় শহর | ৭০০০/- | ৩৫০০/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ১৩৩০০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | ২। চিপিং সেকশনের শ্রমিক<br>৩। মুদ্রণ সেকশনের শ্রমিক<br>৪। অন্যান্য শ্রমিক | অন্যান্য এলাকা | ৭০০০/- | ২৮০০/- | ১০০০/- | ৮০০/- | ১০০০/- | ১২৬০০/- |
| ৫। | **শিক্ষানবিশ শ্রমিক :** | (ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =১০০০০/- টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | | |

## তফসিল “খ”

## কর্মচারীদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | <u>গ্রেড-১:</u><br>১। উচ্চমান সহকারী<br>২। হিসাবরক্ষক<br>৩। স্টোর কিপার | বিভাগীয় শহর | ১৬১৪০/- | ৮০৭০/- | ১০০০/- | ৮০০/- | ২৬০১০/- |
| | | অন্যান্য এলাকা | ১৬১৪০/- | ৬৪৫৬/- | ১০০০/- | ৮০০/- | ২৪৩৯৬/- |
| ২। | <u>গ্রেড-২:</u><br>১। সহকারী হিসাবরক্ষক<br>২। স্টোর এসিসটেন্ট<br>৩। লিফোন অপারেটর<br>৪। টাইম কিপার<br>৫। কম্পিউটার অপারেটর<br>৬। টাইপিস্ট<br>৭। ক্লার্ক<br>৮। ড্রাইভার | বিভাগীয় শহর | ১০৭৬০/- | ৫৩৮০/- | ১০০০/- | ৮০০/- | ১৭৯৪০/- |
| | | অন্যান্য এলাকা | ১০৭৬০/- | ৪৩০৪/- | ১০০০/- | ৮০০/- | ১৬৮৬৪/- |
| ৩। | <u>গ্রেড-৩:</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। মালি<br>৪। নাইটগার্ড<br>৫। সুইপার | বিভাগীয় শহর | ৮০৭০/- | ৪০৩৫/- | ১০০০/- | ৮০০/- | ১৩৯০৫/- |
| | | অন্যান্য এলাকা | ৮০৭০/- | ৩২২৮/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৯৮/- |
| ৪। | **শিক্ষানবিশ কর্মচারী :** | (ক) শিক্ষানবিশিকাল ০৬(ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে =১০০০০/- টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd